বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৫০ তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ
০৭ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৭৭৬ তম কমিশন সভা অদ্য ০৭/০৬/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১। কমিশন অদ্যকার সভায়, মিউচ্যুয়াল ফান্ড সেক্টরে আরো স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এবং আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড-এর ট্রাস্টিশীপে পরিচালিত দু'টি বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড যথাক্রমে 'আইসিবি এএমসিএল ইউনিট ফান্ড' এবং 'বাংলাদেশ ফান্ড'-এর ট্রাস্টির দায়িত্ব থেকে যথাক্রমে আইসিবি এবং আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড-কে অব্যাহতি প্রদানপূর্বক বিনিয়োগকারীদের বৃহত্তর স্বার্থে আইসিবি'র পরিবর্তে বিএসইসি কর্তৃক নিবন্ধিত অন্য কোনো স্বাধীন ট্রাস্টির নিকট হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়। এ দু'টি ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হিসেবে কাজ করছে আইসিবি'রই সাবসিডিয়ারি আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড।

০২. কমিশন অদ্যকার সভায়, তালিকাভুক্ত কোম্পানি বাংলাদেশ স্টীল রি-রোলিং মিলস্ লিমিটেড-এর (transferee company) সাথে নন-লিস্টেড পাবলিক কোম্পানি বিএসআরএম স্টীল মিলস্ লিমিটেড-এর (transferor company) একত্রিকরণ (merger) প্রক্রিয়া অনুমোদন করেছে। এই একত্রিকরণের ফলে বাংলাদেশ স্টীল রি-রোলিং মিলস্ লিমিটেডের পরিশোধিত মূলধন ২,৩৬০,৬৮২,৩৬০ টাকা হতে ২,৯৮৫,৮৪৬,২৬০ টাকায় উন্নীত হবে। এক্ষেত্রে বাংলাদেশ স্টীল রি-রোলিং মিলস্ লিমিটেড বিএসআরএম স্টীল মিলস্ লিমিটেড-এর বিদ্যমান শেয়ারধারীদের ১০.০০ (দশ) টাকা মূল্যমানের ৩৯,৪৪,৩৫,৪০০ শেয়ারের বিপরীতে একই মূল্যমানের ৬,২৫,১৬,৩৯০ শেয়ার ইস্যু করবে। উল্লেখ্য যে, মহামান্য হাই কোর্ট আদেশ অনুসারে শেয়ারের এক্সচেঞ্জ রেশিও ১ঃ০.২৮৮ হিসেবে কমিশন উল্লেখিত শেয়ার ইস্যুর অনুমোদন প্রদান করে।

07.06.2021

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র